অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে, সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের ইউটিলাইজেশন হার জাতীয়-সর্বোচ্চ 29.13 শতাংশে বৃদ্ধি পেয়েছে

নিউ ইয়র্ক সংখ্যালঘু ও নারী-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান (Minority and Women-Owned Business Enterprises, MWBE) ইউটিলাইজিং চুক্তির 30 শতাংশের ক্ষেত্রে খুব দ্রুতই তার লক্ষমাত্রা পূরণে এগিয়ে যাচ্ছে

2018-109 অর্থ বছর পর্যন্ত স্টেট চুক্তিতে প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার MWBE-কে প্রদান করা হয় যা 2011 প্রায় 16 বিলিয়ন মার্কিন ডলার

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, স্টেস্টের চুক্তিতে সংখ্যালঘু ও নারী-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ব্যবহারের হার 2018-2019 অর্থবছরে 29.13 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা আবারো জাতীয় সর্বোচ্চ হার অর্জন করেছে। MWBE 2018-2019 অর্থবছরে সময় স্টেট চুক্তি চলাকালীন 2.93 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ পেয়েছে। নিউ ইয়র্ক স্টেটের নবম বার্ষিক MWBE ফোরামের সাথে এই ঘোষণা করা হয়েছে, যা স্টেট চুক্তির সুবিধাবলী সম্পর্কে আলোচনা করতে এবং MWBE-তে বিদ্যমান রিসোর্স সম্পর্কে জানতে দেশটির কয়েক হাজার ব্যবসায় মালিক, কমিউনিটি লিডার, স্টেট কর্মকর্তা এবং ঠিকাদার সংস্থার প্রতিনিধিদের একত্র করে।

"নিউ ইয়র্কে, আমরা জানি যে বৈচিত্র্য "তা একটি শক্তি, এটি কোনো দুর্বলতা নয় — এবং যখন আমরা স্টেট চুক্তির জন্য সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসার ক্ষমতায়ন করবো তখন আমরা সবার জন্য একটি উন্নততর নিউ ইয়র্ক প্রতিষ্ঠা করতে পারি, **গভর্নর কুওমো বলেন।** "আমাদের দেশ সেরা উপযোগিতার হার এম্পায়ার স্টেটে MWBE-এর অনুপম পুল এবং এই কোম্পানির জন্য আরো সমতাভিত্তিক কর্মক্ষেত্র তৈরি করার ক্ষেত্রে আমাদের সমন্বিত প্রচেষ্টাকে প্রতিফলিত করে।"

"উচ্চাকাঙ্ক্ষী উদ্যোক্তাদের জন্য আমরা প্রতিবন্ধকতা দূর করছি এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসার বিকাশ ও সাফল্য নিশ্চিত করার সুবিধাদি প্রদান করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "আমাদের শক্তিশালী MWBE কর্মসূচির নবায়ন ও সম্প্রসারণ বৈচিত্র্যের বিকাশের জন্য আমাদের সামগ্রিক প্রচেষ্টার অংশ হিসেবে নিউ ইয়র্কের জাতীয়-শীর্ষস্থানীয় MWBE-এর লক্ষ্যমাত্রাকে অগ্রসর করে যেখানে ইউটিলাইজেশন রেট 29.13%-এ আরোহন করছে। আমরা স্টেট জুড়ে বিদ্যমান সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসায়ীদের উৎসাহিত ও সমর্থন

করার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনীতিকে শক্তিশালী করার জন্য আমাদের সার্বিক প্রচেষ্টার অংশ হিসেবে বৈচিত্র্য প্রতিষ্ঠায় প্রতিশ্রুতিবদ্ধ।"

2011 সালে, গভর্নর কুওমো স্টেট চুক্তির 20 শতাংশ MWBE ইউটিলাইজিংয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিলেন। দুই বছর পরে সেই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেল — এবং 2014 সালে গভর্নর কিওমো সেই লক্ষ্যমাত্রা 30 শতাংশে উন্নীত করলেন, যা দেশের সর্বোচ্চ MWBE ইউটিলাইজেশন লক্ষ্যমাত্রা। বছরের পর বছর, নিউ ইয়র্ক স্টেট 2017-2018 অর্থবছরে 28.62 শতাংশ ইউটিলাইজেশনসহ সেই লক্ষ্যমাত্রা অর্জনের দিকে প্রকৃত অগ্রগতি সাধন করেছে।

2018-2019 অর্থবছরে MWBE উপযোগিতা 29.13 শতাংশে পৌঁছায় যা নিউ ইয়র্ক স্টেটের সর্বোচ্চ রেকর্ডকৃত হার এবং যা MWBE-এ পুরস্কৃত স্টেট চুক্তিগুলির মধ্যে 2.93 বিলিয়ন মার্কিন ডলারের চেয়ে বেশি অর্থে রূপান্তরিত করছে। 2011 সাল থেকে MWBE স্টেট চুক্তিতে 15.9 বিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এরভারপ্রাপ্ত কমিশনার এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রেসিডেন্ট মনোনীত এরিক জে. গার্টলার বলেন, "অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন মানে প্রতিটি ব্যাকগ্রাউন্ড থেকে ব্যবসায়িক মালিকদের সুযোগ প্রদান করা এবং ঠিক যেমনটি আমাদের MWBE প্রোগ্রাম প্রদান করছে। আমরা গভর্নর কুওমোর 30 শতাংশ ইউটিলাইজেশনের লক্ষমাত্রার স্থির অগ্রগতি দেখেছি এবং আজকের দিনটি হলো সেই প্রক্রিয়ায় পৌঁছানোর — এবং অতিক্রম করার আরেকটি গুরুত্বপূণ ধাপ — এবং যা জাতীয়-শীর্ষস্থানীয় লক্ষ্যমাত্রা হিসেবে বিবেচিত।"

2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটের MWBE ইউটিলাইজেশনের হার স্থিরভাবে বৃদ্ধির মূল চাবিকাঠি হচ্ছে টেকসই, সমন্বিত MWBE প্রোগ্রামের উন্নয়ন প্রক্রিয়া যা ব্যবসার প্রতি গুরুত্বপূণ প্রচারের সংমিশ্রণ ঘটায়, স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষের মধ্যে দৃঢ় সম্পর্ক স্থাপন করে এবং ব্যবসায়িক মালিকদের জন্য প্রযুক্তিগত আধুনিক সহায়তা প্রদান করে। MWBE-এর বিস্তারিত রিসোসগুলো বার্ষিক MWBE ফোরাম-এ তুলে ধরা হয়েছে, এখন তার নবম কিস্তি চলমান।

এ বছরের ফোরামের থিমটি — "লিডিং দ্য নেশন" — নিউ ইয়র্কের MWBE-কে সমর্থন করার জন্য দেশটির সেরা-প্রচেষ্টা চালিয়েছে। আজকে কিছুক্ষণ আগে শুরু হওয়া দুই-দিনব্যাপী এই অনুষ্ঠানটি একসঙ্গে 2,100-জনেরও বেশি ব্যবসা মালিক, কমিউনিটি লিডার, স্টেট কর্মকর্তা এবং ঠিকাদার সংস্থার প্রতিনিধিদের সমাবেশ ঘটিয়েছে। অংশগ্রহণকারীদের 15-A অনুচ্ছেদের পুনঃঅনুমোদন থেকে শুরু করে প্রতিটি ছোটখাট বিষয় সম্পর্কে জানার সুযোগ রয়েছে যা প্রধান অবকাঠামোগত প্রকল্পে অর্থনৈতিক সহায়তা ও তথ্য প্রদান করতে MWBE প্রোগ্রামের জন্য বিধিবদ্ধ কর্তৃত্ব প্রদান করে,। উল্লেখযোগ্য বিষয়গুলির মধ্যে আছে:

সাপ্লাই অ্যান্ড ডিমান্ড ইউটিলাইজেশন ইনিশিয়েটিভ (Supply & Demand Utilization Initiative)

নিউ ইয়র্ক স্টেটের MWBE ইউটিলাইজেশন হার গভর্নর কুওমোর স্টেট চুক্তির 30 শতাংশ লক্ষ্য অর্জনের পাশাপাশি MWBE ইউটিলাইজেশনের স্বল্প হার ও নথিভুক্ত MWBE উপলভ্যতার শিল্পগুলোকে চিহ্নিত করেছে। এসব প্রতিষ্ঠানের কাছে প্রসার ও সেবা প্রদানের মাধ্যমে নিউ ইয়র্ক নিশ্চিত করতে পারে যে, অর্থনীতিতে স্টেট চুক্তির জন্য যেকোনো ব্যবসা প্রতিযোগিতা করতে পারবে এবং পূর্বের যেকোনো হারের চাইতে নিউ ইয়র্কের ইউটিলাইজেশন হার আরও বৃদ্ধি করতে পারবে।

এ বছর MWBE-কে সহায়তা করার জন্য বিজ্ঞাপন ও মার্কেটিং, আর্কিটেকচার, ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সার্ভিসেস, ফিনান্সিয়াল সার্ভিসেস, ইন্সুরেন্স, লিগ্যাল সার্ভিসেস, মেডিকেল ও ক্লিনিক্যাল সার্ভিসেস, রিয়েল এস্টেট, কমিউনিকেশন, আইটি কনসাল্টিং, সফটওয়্যার, মেডিকেল, ডেন্টাল ও ল্যাব সাপ্লাই, অফিস সরঞ্জাম ও আসবাব এবং খাবার ও পানীয় বিষয়ক সাপ্লাই অ্যান্ড ডিমান্ড ইউটিলাইজেশন ইনিশিয়েটিভ বর্ধিত করা হয়েছে। এই ইনিশিয়েটিভের মাধ্যমে শিল্প-বিশেষ সহায়তা প্রদান করা হয়, যার মধ্যে রয়েছে স্ট্র্যাটেজিক পার্টনারদের দ্বারা স্পেশালিটি ওয়েবিনার্স এবং টেকনিক্যাল সার্ভিসেস।

মেন্টর প্রোটিগ প্রোগ্রাম (Mentor Protégé Program)

এই বছর, নিউ ইয়র্ক স্টেট তার MWBE মেন্টর প্রোটিগ প্রোগ্রাম পুনরায় চালু করেছে যা সার্টিফাইড MWBE ফার্মের সাথে প্রাইম কন্ট্রাক্টর মেন্টরদের সাথে মিলে যায়। মেন্টর ফার্মগুলো হাতে-কলমে প্রযুক্তিগত জ্ঞান এবং নেটওয়ার্কিং সুবিধা দিয়ে MWBE-কে দিকনির্দেশনা প্রদান করছে যাতে তারা স্টেট চুক্তির সুযোগগুলোতে ভালোভাবে অ্যাক্সেস করতে পারেন।

15-A অনুচ্ছেদের পুনঃঅনুমোদন

অনুচ্ছেদ 15-A নিউ ইয়র্ক স্টেটের MWBE প্রোগ্রামের জন্য আইনগত কাঠামো প্রদান করে এবং যা এ বছরের শুরুতে গভর্নর কুওমো কর্তৃক পুনরায় অনুমোদিত হয়েছিল। সদ্য-আপডেটেডকৃত সংবিধান স্টেটের MWBE কর্মসূচিকে শক্তিশালী করে এবং পাঁচ বছরের জন্য এর সময়সীমা বিস্তৃত করে।

ফোর্থ অ্যানুয়াল ক্যারি গ্যাবে এক্সেলেন্স অ্যান্ড ইনোভেশন অ্যাওয়ার্ড (Fourth Annual Carey Gabay Excellence and Innovation Awards)

ক্যারি গ্যাবে এক্সেলেন্স অ্যান্ড ইনোভেশন অ্যাওয়ার্ড হিসেবে চারটি নিউ ইয়র্ক স্টেট MWBE ব্যবসাকে স্বীকৃতি প্রদান করা হয়েছিল। গভর্নর কুওমোর সহকারী পরামর্শদাতা হিসেবে দায়িত্ব পালনকারী এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রথম ডেপুটি পরামর্শদাতা যাকে সেপ্টেম্বর 2015 সালে মর্মান্তিকভাবে হত্যা করা হয় সেই ক্যারি গ্যাবের নামানুসারে প্রদত্ত এই সম্মাননা নিউ ইয়র্ক কর্তৃক স্বীকৃত MWBE-কে উদযাপন করে তাদের উদ্যোক্তা চেতনা, উদ্ভাবনের প্রতিশ্রুতি এবং তাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী করার প্রচেষ্টার জন্য যেগুলো সেইসকল মূল্যবোধ যা ক্যারি গ্যাবে নিউ ইয়র্ক স্টেটে তার পরিষেবার সময় ধারন করতেন।

নিউ ইয়র্ক স্টেট সার্টিফায়েড MWBE হিসেবে উদ্যমী কর্মশক্তি ও কৃতিত্বের জন্য 2019 পুরস্কার প্রাপ্তগণ হলেন:

- লরা কুইভা, অভ্যন্তর উদ্ভাবন (Interior Innovations)
- কিরিত দেশাই, ডেরিভ টেকনোলজিস, LLC (Derive Technologies, LLC)
- মেরি ওয়ারেন, ব্ল্যাক হর্স গ্রুপ, LLC (Black Horse Group, LLC)
- এডওয়ার্ড ও. ওয়াট, জুনিয়র, ওয়াটস আর্কিটেকচার অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (Watts Architecture & Engineering), D.P.C.

স্টেট-সার্টিফায়েড MWBE হয়ে ওঠার বিষয়ে আরও জানতে, MWBE সার্টিফিকেশন ক্যাম্পেইন ওয়েবসাইট ভিজিট করুন বা (212) 803-2414 নম্বরে কল করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন